

রেজিস্ট্রারের কার্যালয়  
বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল  
২০৩, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরনী, বিজয়নগর, ঢাকা-১০০০  
www.bnmc.gov.bd

স্মারক নং-বিএনএমসি/প্রশা-৪৮(৮)/২০১৭/২৯১

তারিখঃ ০৮ মে ২০১৭ খ্রিঃ

বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিলের অধীনে কম্পিউটারে পরিচালিত পরীক্ষার ফরম পূরণের জন্য ২০১২-২০১৩ শিক্ষাবর্ষ বা তার পূর্বের শিক্ষার্থীদের প্রথমে অনলাইনে Student Registration ফরম পূরণ করতে হবে। অনলাইনে ফরম পূরণ সম্পন্ন হলে নতুন Student ID Number পাওয়া যাবে। উক্ত ID দিয়ে অনলাইনে পরীক্ষার ফরম পূরণ করা যাবে। উল্লেখ্য কাউন্সিলের ডাটাবেজে স্টুডেন্ট রেজিস্ট্রেশনের তথ্য না থাকলে অনলাইনে পরীক্ষার ফরম পূরণ করা যাবে না বিধায় বর্ণিত শিক্ষাবর্ষের শিক্ষার্থীদেরকে নিজ উদ্যোগে স্ব-স্ব ইনস্টিটিউট/ কলেজে যোগাযোগ করে অনলাইনে স্টুডেন্ট রেজিস্ট্রেশন করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

অনলাইনে স্টুডেন্ট রেজিস্ট্রেশনের জন্য ওয়েব-সাইট থেকে ফরম সংগ্রহ পূর্বক যথাযথভাবে পূরণ করে (ইউনিফর্ম পরিহিত ছবি, পুরাতন স্টুডেন্ট রেজিস্ট্রেশনের ফটোকপি ও প্রার্থীর স্বাক্ষরসহ) ইনস্টিটিউট/ কলেজে জমা দিতে হবে।

এ বিজ্ঞপ্তি কেবলমাত্র ওয়েব সাইটে/  
ফেসবুকে প্রকাশ করা হবে।  
ডাকযোগে বা হাতে হাতে প্রেরণ করা  
হবে না।

(সুরাইয়া বেগম)

রেজিস্ট্রার

ফোন-৯৫৬৪১৫৯

ই-মেইল: info@bnmc.gov.bd

স্মারক নং-বিএনএমসি/প্রশা-৪৮(৮)/২০১৭/২৯১/১(৫০)

তারিখঃ ০৮/০৫/২০১৭ খ্রিঃ

অনুলিপি অবগতি ও কার্যার্থেঃ

১. অধ্যক্ষ/ ইনচার্জ, নার্সিং কলেজ/ ইনস্টিটিউট/ মিডওয়াইফারি ইনস্টিটিউট. ....
২. কোর্স কো-অর্ডিনেটর, ....
৩. হিসাব রক্ষক, বিএনএমসি।
৪. সহকারী প্রোগ্রামার, বিএনএমসি-ওয়েব সাইটে প্রকাশের জন্য (আইটি সহায়তার জন্য-০১৭৩৮-০৩০ ১৫৩)।
৫. জনাব/ বেগম . ....

রেজিস্ট্রার

স্মারক নং-বিএনএমসি/প্রশা-৪৮(৮)/২০১৭/২৪২

তারিখঃ ১৬ এপ্রিল ২০১৭ খ্রিঃ

### বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিলের অধীনে বিএনএমসি নার্সিং কোর্সের সর্বশেষ ইন্টারশীপ সমাপ্তকারি, ডিপ্লোমা ইন-নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি ও ডিপ্লোমা ইন-মিডওয়াইফারি কোর্সের ১৭ ফেব্রুয়ারি ২০১৭খ্রিঃ অনুষ্ঠিত পরীক্ষায় অকৃতকার্যদের কম্প্রিহেন্সিভ (লাইসেন্সিং) পরীক্ষা ১৪ জুলাই ২০১৭খ্রিঃ, শুক্রবার (সম্ভাব্য) অনুষ্ঠিত হবে।

উক্ত পরীক্ষায় অংশগ্রহণের জন্য <http://bncdb.bnmc.gov.bd> অনলাইনে আবেদন ফরম পূরণ করার শেষ তারিখ ১৪ মে ২০১৭খ্রিঃ বিকাল ৩.০০ ঘটিকা এবং বিলম্ব ফি-প্রদান পূর্বক ফরম পূরণ করার শেষ তারিখ ২১ মে ২০১৭খ্রিঃ বিকাল ৩.০০ ঘটিকা পর্যন্ত। ফরম পূরণের পর পরীক্ষা কেন্দ্র, সময়-সূচি নির্ধারণ পূর্বক বিজ্ঞপ্তি কেবলমাত্র কাউন্সিলের ওয়েব সাইটে প্রকাশ করা হবে এবং প্রবেশপত্র ইনস্টিটিউটে প্রেরণ করা হবে।

### পরীক্ষার ফরম পূরণের শর্তাবলীঃ

১. পরীক্ষার ফরম পূরণকালে স্ব-স্ব প্রতিষ্ঠানের অধ্যক্ষ/ইনচার্জ কর্তৃক গোপন নম্বর ( User ID ও Password) এর মাধ্যমে Student Registration Data Base- এ প্রবেশ করে Comprehensive Examination Form পূরণ করবেন।
২. আবেদন ফরম পূরণের সময় (১) সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নাম, (২) Student Registration Number লিখে ও (৩) কোর্সের নাম (নির্বাচন) সিলেক্ট করে সার্চ করলে শিক্ষার্থীর প্রয়োজনীয় তথ্যাদি পাওয়া যাবে এবং পরীক্ষার তারিখ দেখা যাবে।
৩. Student Registration Data Base- থেকে ক্রমিক-২ মারফত প্রাপ্ত তথ্যাদির সাথে “প্রার্থীর স্ক্যান করা স্বাক্ষর ও সীল মোহরসহ অধ্যক্ষের স্ক্যান করা স্বাক্ষর” আপলোড করে Submit করলে ফরম পূরণ সম্পন্ন হবে।
৪. এ ছাড়াও অনলাইনে ফরম পূরণের জন্য পৃথক গাইড লাইন কাউন্সিলের ওয়েব-সাইটে পাওয়া যাবে।
৫. ফরম পূরণের সাথেসাথেই নির্ধারিত তারিখের মধ্যে পরীক্ষার্থীর তালিকা, পরীক্ষার ফি বাবদ জনপ্রতি ২,০০০/= (দুই হাজার) টাকা করে ফরওয়ার্ডিংসহ সকল পরীক্ষার্থীর ফি একত্রে একটি “বাংলাদেশ নার্সিং কাউন্সিল” এর অনুকূলে পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট এর মাধ্যমে জমা দিতে হবে।
৬. বিলম্ব ফি জনপ্রতি ১০০/- (একশত টাকা)।
৭. নির্ধারিত তারিখের মধ্যে পরীক্ষার ফি কাউন্সিলে জমা করা হলে প্রবেশপত্র ইস্যু করা হবে।

বিঃ দ্রঃ Best Answer (Single Choice)  
২৫টি ও পূর্বের ন্যায় সত্য-মিথ্যা ৭৫টি মোট  
১০০টি উত্তরসহ নমুনা প্রশ্ন ১৪/০৫/২০১৭খ্রিঃ  
মধ্যে প্রেরণ করতে হবে।



(সুরাইয়া বেগম)

রেজিস্ট্রার

ফোন- ৯৫৬৪১৫৯

ই-মেইল: info@bnmc.gov.bd

স্মারক নং-বিএনএমসি/প্রশা-৪৮(৮)/২০১৭/২৪২/১(৭০)

তারিখঃ ১৬ এপ্রিল ২০১৭ খ্রিঃ

### অনুলিপি অবগতি ও কার্যার্থেঃ

৬. মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর।
৭. চেয়ারম্যান, পরীক্ষা নিয়ন্ত্রণ কমিটি, বিএনএমসি ও পরিচালক (চিশি), স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা।
৮. অধ্যক্ষ/ ইনচার্জ, নার্সিং কলেজ/ ইনস্টিটিউট/ মিডওয়াইফারি ইনস্টিটিউট. . . . .
৯. শিক্ষার্থীদের অবগতির জন্য এই বিজ্ঞপ্তির একটি কপি সংশ্লিষ্ট সকল নার্সিং কলেজ/ মিডওয়াইফারি ইনস্টিটিউট/ নার্সিং ইনস্টিটিউটের নোটিশ বোর্ডে প্রকাশ করতে হবে।
১০. হিসাব রক্ষক, বিএনএমসি।
১১. সহকারী প্রোগ্রামার, বিএনএমসি-ওয়েব সাইটে প্রকাশের জন্য (আইটি সহায়তার জন্য-০১৭৩৮-০৩০ ১৫৩)।
১২. জনাব/ বেগম . . . . .



রেজিস্ট্রার